

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়
সিলেট বিভাগ, জেল রোড, বন্দর বাজার, সিলেট।
www.prison.sylhetdiv.gov.bd

পত্র নং-৪৪.০৭.৯১০০.০৬৬.০৩.০১৭.২৬-১৯৭৪ (৭)

তারিখ: ০৯ আষাঢ় ১৪৩৩
২৩ জুন ২০২৬

বিষয়ঃ ৬১তম ব্যাচ কারারক্ষী/মহিলা কারারক্ষীদের চাকরি স্থায়ীকরণ প্রসঙ্গে।

সূত্র : ক। কারা অধিদপ্তরের পত্র নং-৪৪.০৪.০০০০.২৪.০১.০০৪.২৬-৩১২, তারিখ: ১০.০৫.২০২৬।

খ। কারা অধিদপ্তরের পত্র নং-৪৪.০৭.০০০০.২৪.০৩.০০১.২৬-৪৪৭, তারিখ: ২২.০৬.২০২৬।

গ। কমান্ড্যান্ট এর কার্যালয়, রাজশাহীর পত্র নং-৪৪.০৭.০০০০.০৪৯.০১.০০১.২৬-৮৩১, তারিখ: ২৩.০৬.২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের প্রেক্ষিতে ৬১তম ব্যাচের কারারক্ষী/মহিলা কারারক্ষীদের চাকরি স্থায়ীকরণের নিমিত্তে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো :

২। পরীক্ষার তারিখ, সময় ও স্থান:

ক. ২৭.০৬.২০২৬ তারিখ রোজ শনিবার, সকাল ১০.০০ ঘটিকা।

খ. প্রিজন্স পাবলিক স্কুল, বন্দরবাজার, সিলেট।

৩। পরীক্ষার ধরন, নম্বর ও সময় বন্টন:

ক. পরীক্ষার ধরন: পরীক্ষা শুধুমাত্র লিখিতভাবে গ্রহণ করা হবে। তবে প্রশ্নপত্র বহুনির্বাচনী প্রশ্নভিত্তিক (MCQ) আকারে প্রণয়ন করা হবে।

খ. মোট নম্বর ও সময়সীমা।

(১) মোট নম্বর: ৫০ (পঞ্চাশ)

(২) সময়: ৩০ মিনিট

গ. প্রশ্নমান: প্রতিটি প্রশ্নের মান হবে ০১ নম্বর।

ঘ. পাশ নম্বর: একজন পরীক্ষার্থী ন্যূনতম ৫০% নম্বর তথা ২৫ নম্বর অর্জন করলে কৃতকার্য মর্মে বিবেচিত হবেন

ঙ. উত্তরপত্র: পরীক্ষার্থীগণ প্রশ্নপত্রেই উত্তর প্রদান করবেন। পৃথক উত্তরপত্র সরবরাহের প্রয়োজন হবে না।

৪। যে সকল বিষয়ে প্রশ্নপত্র প্রণয়ন হবে:

ক. জেলকোড (কারাবিধি ২৯৪ হতে ৩৫৭, ৪৬৩ হতে ৪৯২; ৭০৪ হতে ৭২০, ৮০৬ হতে ৮১২);

খ. সার্ভিস রুলস (ছুটি, অবসর আইন-১৯৭৪ ও ১৯৭৫, পেনশন সহজীকরণ নীতিমালা, ভবিষ্য তহবিল আইন ১৯২৫ ও বিধিমালা-১৯৮০, ভ্রমণ ভাতা, দৈনিক ভাতা, বদলী ব্যয়);

গ. কারা অধিদপ্তরের সাম্প্রতিক সার্কুলারসমূহ, পোষাক নীতিমালা, পোষাকের প্রাপ্যতা, ব্যক্তিগত রেশন স্কেল, স্বাস্থ্য স্কিম, পরিবার নিরাপত্তা স্কিম ও ট্রাস্ট ব্যাংকের ঋণ সহায়তা;

ঘ. 'বাংলাদেশ জেল' এর ইতিহাস ও ঐতিহ্য, নিজ কর্মরত বিভাগের/কারাগারের ইতিহাস, নিজ বিভাগের কারাগারের সংখ্যা, ধারণক্ষমতা, বিশেষত্ব ও সাধারণ ধারণা;

ঙ. ৭.৬২ রাইফেল টাইপ ১৯৫৬ ও শটগান চারিত্রিক বৈশিষ্ট্য ও সাধারণ তথ্য।

৫। প্রশ্নপত্রের বিভাজন: বিষয়োক্ত পরীক্ষার প্রশ্নপত্র নিম্নরূপে প্রণয়ন করা হবে:

ক. সত্য/মিথ্যা : ১০টি।

খ. শূন্যস্থান পূরণ : ০৫টি।

গ. বহুনির্বাচনী প্রশ্ন (MCQ) : ৩০টি।


ঘ. সৃজনশীল প্রশ্ন (কারাগার/বিভাগ ভিত্তিক) : ০৫টি (সর্বোচ্চ)।

৬

৭

৬। উক্ত পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্তে ৬১তম ব্যাচের কারারক্ষী/মহিলা কারারক্ষীদের যথাসময়ে কর্মমুক্ত করতঃ পরীক্ষার ০১(এক) ঘন্টা পূর্বে সিলেট বিভাগীয় দপ্তর, সিলেট এ উপস্থিত থাকার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৭। উক্ত পত্রটি ৬১তম ব্যাচের কারারক্ষী/মহিলা কারারক্ষীদের অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


মো: আমিরুল ইসলাম

অতিরিক্ত উপ কারা মহাপরিদর্শক
ও

কারা উপ মহাপরিদর্শক (অ: দা:)
সিলেট বিভাগ, সিলেট
digsyldiv@prison.gov.bd



সিনিয়র জেল সুপার/জেল সুপার
সিলেট বিভাগস্থ কেন্দ্রীয়/জেলা কারাগার।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
- ২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।